



## মাস্টারদা সূর্য সেন পাঠাগার উন্নয়নকল্পে সভা অনুষ্ঠিত

বিপ্রধী মাস্টারদা সূর্যসেন পাঠাগার ভোলাগিরি ভবন ১২কে এম দাস লেন (সেন্ট্রাল ওইমেস কলেজের বিপরীতে) চিকাটপী, এ উন্নয়নকল্পে সংশ্লিষ্ট এক সভা মাস্টারদা সূর্যসেন পরিষদের অন্যতম নেত্রী দৌলত আরা মান্নানের সভাপতিত্বে সূর্যসেন পাঠাগারে অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন মাস্টারদা সূর্যসেন পরিষদের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট সুব্রত চৌধুরী, সাংবাদিক তত্ত্ব রহমান, বিএন চৌধুরী, কার্মকর্মীমান ননী, এনাফুল হাতিফ, সুশান্ত বসু, প্রবীর দাশগুপ্ত, ডিএল চৌধুরী, গাধন দাস, গোবিন্দ গৌতম, রতিরঞ্জন উকিল, তপন দে, শংকর সরকার প্রমুখ। সভায় সূর্যসেন পাঠাগার উন্নয়নকল্পে কবি শ্যামসুর রাহমানকে প্রধান পৃষ্ঠপোষক এবং বিশ্বনাথ চৌধুরীকে আহ্বায়ক ও ড. শ্যামসুল আলম সাইদকে সদস্য-সচিব করে ২৫ সদস্যবিশিষ্ট মাস্টারদা সূর্যসেন পাঠাগার কমিটি গঠন করা হয়।

সভায় বিকেল ৫টা থেকে রাত ৮টা পর্যন্ত পাঠাগারটি পাঠকদের জন্য খোলা রাখার সিদ্ধান্ত হয়। সূর্যসেন পাঠাগারকে সমৃদ্ধ করার জন্য দেশের সুধী সমাজ এবং কবি, শিল্পী, সাহিত্যিকসহ দলমত নির্বিশেষে সকল মহলকে এগিয়ে আসার আহ্বান জানানো হয়। (যোগাযোগের ফোন নং-৮৭২২৭৮৬/৮৬২৫১৩১, ৯৫৫৪২৪৬)। সংবাদ বিজ্ঞপ্তি।